

## হাইস্কুলগুলোতে বিজ্ঞান বিভাগ থাকলেও নেই বিজ্ঞানাগার ও ব্যবহারিক যন্ত্রপাতি

■ ফুলবাড়ি (দিনাজপুর) সংবাদদাতা

ফুলবাড়ি উপজেলার মাধ্যমিক বিদ্যালয়গুলোতে নবম ও দশম শ্রেণিতে বিজ্ঞান বিভাগ এবং ওই বিভাগে শিক্ষার্থী থাকলেও ব্যবহারিক ক্লাস হয় না অধিকাংশ বিদ্যালয়ে। ফলে বিদ্যালয়গুলোতে অধ্যয়নরত বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ব্যবহারিক বিষয় সম্পর্কে বাস্তব কোন জ্ঞান তৈরি হচ্ছে না।

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তর সূত্রে জানা গেছে, উপজেলার পৌর এলাকাসহ ৭টি ইউনিয়নে ৩২টি মাধ্যমিক বিদ্যালয় রয়েছে। যার সবগুলোতেই নবম ও দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য বিজ্ঞান বিভাগ খোলা রয়েছে। এ কারণে বিপুল সংখ্যক শিক্ষার্থীও রয়েছে বিজ্ঞান বিভাগে।

নাম প্রকাশ না করার শর্তে সূজাপুর মডেল উচ্চ বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের নবম শ্রেণির কয়েকজন শিক্ষার্থীর

অভিযোগ, নবম শ্রেণিতে ওঠার প্রায় এক বছর হতে চললেও একদিনের জন্যও বিজ্ঞান বিভাগের কোন বিষয়েই ব্যবহারিক ক্লাস হয়নি। ফলে তারা ব্যবহারিক ক্লাসের যন্ত্রপাতিও চোখে দেখেনি।

জিএম পাইলট উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বীরেন্দ্রনাথ সরকার বলেন, বিদ্যালয়ে বিজ্ঞানাগার রয়েছে। যাকে মধ্যে ব্যবহারিক ক্লাস নেয়া হয়। তবে পর্যাপ্ত যন্ত্রপাতি ও কেমিক্যাল নেই। তবে এসএসসি পরীক্ষার আগে ও পরে ব্যবহারিক ক্লাস হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. আব্দুস সাত্তার বলেন, ৩২টি মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে অধিকাংশতেই ব্যবহারিক ক্লাস হয় না। এর মূল কারণ বিজ্ঞানাগার ও যন্ত্রপাতির অভাব। তবে ব্যবহারিক ক্লাস যাতে নিয়মিত হয় সে ব্যাপারে পদক্ষেপ নেয়া হবে।